# কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্য বিবরণীঃ

সভাপতিঃ মোছাঃ মেরিনা আফরোজ
উপজেলা নির্বাহী অফিসার, কাহালু, বগুড়া।

স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কাহালু, বগুড়া।

তারিখ ও সময়ঃ ০৮/১০/২০২৪, মঙ্গলবার, সময়ঃ বেলা-২.৩০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকাঃ (পরিশিষ্ট-ক)

আলোচ্য বিষয়ঃ

১। ২০২৪-২৫ অর্থ বছরে রবি মৌসুমে গম, ভুট্টা, সরিষা, শীতকালীন পেয়াজ, মুগ, মসুর ও খেসারী ফসলের আবাদ বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার সরবরাহ প্রণোদনা কর্মসূচির বাস্তবায়ন।

২। ইউনিয়ন ওয়ারী বিভাজন।

৩। বিবিধ

উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ও উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। সদস্য সচিব সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে রবি মৌসুমে গম, ভুট্টা, সরিষা, শীতকালীন পেয়াজ, মুগ, মসুর ও খেসারী ফসলের আবাদ বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণের লক্ষ্যে জেলা কৃষি পুনর্বাসন কর্মসূচির বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী স্মারক নং-১২.১৭.১০০০.০৪১.০০.০০০.২৪-২০৭৩(৪০) তারিখঃ ১৯/০৯/২০২৪ ইং মোতাবেক ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনা মূল্যে গম, ভুট্টা, সরিষা, শীতকালীন পেঁয়াজ, মুগ, মসুর ও খেসারী বীজ ও সার বিতরণের নির্দেশনা রয়েছে।

বিঘা প্রতি উপকরণের পরিমান

| ফসলের নাম | বীজ | ডিএপি সার | এমওপি সার | মন্তব্য |
|---|---|---|---|---|
| গম | ২০ কেজি | ১০কেজি | ১০কেজি | |
| ভুট্টা | ০২ কেজি | ২০কেজি | ১০কেজি | |
| সরিষা | ০১ কেজি | ১০কেজি | ১০কেজি | |
| শীতকালীন পেঁয়াজ | ০১ কেজি | ১০কেজি | ১০কেজি | |
| মুগ | ০৫ কেজি | ১০কেজি | ০৫কেজি | |
| মসুর | ০৫ কেজি | ১০কেজি | ০৫কেজি | |
| খেসারী | ০৮ কেজি | ১০কেজি | ০৫কেজি | |

নিম্নে পৌরসভা/ইউনিয়ন ভিত্তিক কৃষকের সংখ্যা অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

| ক্রঃনং | ইউনিয়নের নাম | গম | ভুট্টা | সরিষা | শীতকালীন পেঁয়াজ | মুগ | মসুর | খেসারী |
|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | পৌরসভা | ১৫ | ১৫ | ৪০০ | ০০ | ০০ | ০৫ | ০০ |
| ০২ | বীরকেদার | ১০ | ১৫ | ৪০৫ | ০০ | ০৫ | ০৫ | ০৫ |
| ০৩ | কালাই | ১০ | ১৫ | ৪০০ | ০৫ | ০০ | ০৫ | ০০ |
| ০৪ | পাইকড় | ১০ | ১৫ | ৪০৫ | ০০ | ০০ | ১০ | ০০ |
| ০৫ | মুরইল | ১০ | ১৫ | ৪০৫ | ০৫ | ০০ | ০৫ | ০০ |
| ০৬ | নারহট্ট | ১০ | ১৫ | ৪০৫ | ০০ | ০০ | ০৫ | ০০ |
| ০৭ | কাহালু সদর | ১০ | ১৫ | ৪০৫ | ০০ | ০০ | ০৫ | ০০ |
| ০৮ | জামগ্রাম | ১৫ | ১৫ | ৪০০ | ০৫ | ০০ | ১০ | ০০ |
| ০৯ | মালঞ্চা | ১০ | ১৫ | ৪০৫ | ০৫ | ০০ | ০৫ | ০০ |
| ১০ | দুর্গাপুর | ১০ | ১৫ | ৪০০ | ০০ | ০৫ | ০৫ | ০৫ |
| | মোট | ১১০ | ১৫০ | ৪০৩০ | ২০ | ১০ | ৬০ | ১০ |

কৃষি পুনর্বাসন কর্মসূচি সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নকল্পে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তবলী গৃহিত হয়ঃ

১। ইউনিয়ন ভিত্তিক অগ্রাধিকার কৃষকের তালিকা উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে আগামী ২২/১০/২০২৪ইং তারিখের মধ্যে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট দাখিল করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

২। তেল জাতীয় ফসলের ক্ষেত্রে রবি/২০২৪-২৫ মৌসুমে তেল জাতীয় ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধি কল্পে যে সব নতুন এলাকায় আবাদ সম্প্রসারণ হবে সে সব এলাকার ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের অগ্রাধিকার দিতে হবে।

Scanned with ACE Scanner

৩। রবি/২০২৪-২৫ মৌসুমে গম, ভুট্টা, সরিষা, শীতকালীন পেঁয়াজ, মুগ, মসুর ও খেসারী ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক এ অনুদান সহায়তা পাবেন। প্রণোদনা ভুক্ত এসব ফসল (গম, ভুট্টা, সরিষা, শীতকালীন পেঁয়াজ, মুগ, মসুর ও খেসারী) চাষের জন্য অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক যে কোন একটি ফসলের জন্য বীজ ও রাসায়নিক সার পাবেন। একজন চাষী পরিবারকে যে কোন একটি ফসলের বেশি প্রনোদণা সহায়তা প্রদান করা যাবে না।

৪। অনুমোদিত অগ্রাধিকার তালিকা ভুক্ত ০১ জন কৃষক শুধুমাত্র এক বিঘার জন্য গম বীজ ২০ কেজি, ডিএপি ১০ কেজি ও এমওপি ১০ কেজি; ভুট্টা বীজ ০২ কেজি, ডিএপি ২০ কেজি ও এমওপি ১০ কেজি; সরিষা বীজ ০১ কেজি, ডিএপি ১০ কেজি ও এমওপি ১০ কেজি; শীতকালিন পেয়াজ বীজ ০১ কেজি, ডিএপি ১০ কেজি ও এমওপি ১০ কেজি; মুগ বীজ ০৫ কেজি, ডিএপি ১০ কেজি ও এমওপি ০৫ কেজি , মসুর বীজ ০৫ কেজি, ডিএপি ১০ কেজি ও এমওপি ০৫ কেজি এবং খেসারী বীজ ০৮ কেজি, ডিএপি ১০ কেজি ও এমওপি ০৫ কেজি সার সহায়তা পাবে।

৫। প্যাকেট ঝামেলা ও ওজন কমের বিড়ম্বনা এড়াতে সারের বস্তা ভেঙ্গে আলাদা আলাদা কৃষককে না দিয়ে এ কর্মসূচির আওতায় সহায়তা প্রাপ্তির জন্য অনুমোদিত তালিকাভুক্ত গম, সরিষা ও শীতকালীন পেঁয়াজ ফসলের ক্ষেত্রে প্রতি ৫ জন কৃষকের একটি গ্রুপ করে প্রতি গ্রুপে ১ বস্তা ডিএপি ও ১ বস্তা এমওপি; ভুট্টা ফসলের ক্ষেত্রে প্রতি ৫ জন কৃষকের একটি গ্রুপ করে প্রতি গ্রুপে ২ বস্তা ডিএপি ও ১ বস্তা এমওপি এবং মুগ, মসুর ও খেসারী ফসলের ক্ষেত্রে প্রতি ১০জন কৃষকের একটি গ্রুপ করে প্রতি গ্রুপে ২ বস্তা ডিএপি ও ১ বস্তা এমওপি সার বিতরণ করতে হবে।

৬। এ কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে নিতে হবে। অনুমোদিত তালিকা ভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে উপকরণ প্রদান করা যাবে না বা একজনের উপকরণ অন্য কাউকে প্রদান করা যাবে না।

৭। কর্মসূচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপসহকারী কৃষি কর্মকর্তার মাধ্যমে যথাসম্ভব দ্রুততম সময়ে এলাকার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের তালিকা প্রস্তুত ও অনুমোদন করে সে অনুযায়ী বরাদ্দকৃত উপকরণ নির্বাচিত ও অনুমোদিত কৃষক পরিবারের মাঝে বিতরণ করবেন। তবে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের অগ্রাধিকার দিতে হবে।

৮। প্রয়োজনীয় গম ও সরিষা বীজ বিএডিসি হতে ৯০% তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি এর নিকট হতে ১০% সরাসরি ক্রয় করতে হবে। কোন কারণে নির্ধারিত জাতের বীজ সরবরাহ পাওয়া না গেলে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা মহোদয়ের অনুমোদন নিয়ে প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান হতে নির্দিষ্ট জাতের মানসম্মত বীজ নির্ধারিত মূল্যে ক্রয় করতে হবে।

৯। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের স্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষক উপকরণ কার্ডের উপকরণ প্রাপ্তির তথ্য অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণ পূর্বক উপকরণ বিতরণ করবেন। মাস্টাররোলে অবশ্যই উকরণ গ্রহণকারী কৃষকের নাম, ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর, স্ট্যাম্প সাইজর ছবি ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৮/১০/২৪
(মোছাঃ মেরিনা আফরোজ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কাহালু, বগুড়া।

স্মারক নং- ৬৮২(৩৬)

তারিখ- ০৮/১০/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। জেলা প্রশাসক, বগুড়া ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
২। উপপরিচালক, ডিএই,বগুড়া ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
৩। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কাহালু, বগুড়া।
৪। মেয়র........................পৌরসভা, কাহালু, বগুড়া।
৫। .......................................সদস্য, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কাহালু, বগুড়া।
৬। চেয়ারম্যান ......................... ইউনিয়ন পরিষদ, কাহালু, বগুড়া ।
৮। উপসহকারী কৃষি অফিসার ........................................ইউনিয়ন, কাহালু, বগুড়া।
৯। অফিস নথি।

৮/১০/২৪
(মোসাঃ জান্নাতুল ফেরদৌস)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
কাহালু, বগুড়া।

Scanned with ACE Scanner